গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা- ০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০৯১.০১৪.০৭.০০.০১.২০১২(ভলিয়ুম-০৩)- ৩৭০

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৪ বং।
০৮ মার্চ, ২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ADP যথাযথভাবে সমাধা করার জন্য ২০১৭-১৮ অর্থবছরে বিল দাখিল সংক্রান্ত।

সূত্রঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং- সিএও/যুক্রীম/প্রশা/বিবিধ/১৭৩/৪৮৬; তারিখঃ ০১-০৩-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত পত্র সদয় অবগতি এবং এর আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

গ্রহণকারীর স্বাক্ষর

০২। এছাড়াও, উন্নয়ন প্রকল্পসমূহের নির্দিষ্ট কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য এবং সংশ্লিষ্ট বিল/ভাউচার প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে উপস্থাপনের অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ সেলিম হোসেন)
সহকারী প্রধান
ফোন নং- ৯৫৬৫১৮৬।

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
০২। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
০৩। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।

অনুলিপিঃ

যুব উন্নয়ন অধিদপ্তর
পরিকল্পনা শাখা

স্মারকনং- ৩৪.০১.০০০০.০২৫.০৮.০৩৪.২০১৬-৭১

তারিখঃ ১৮/০৩/২০১৮খ্রিঃ

যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের ২০১৭-২০১৮ অর্থ-বছরের নির্দিষ্ট কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব যথাসময়ে মন্ত্রণালয়ে এবং বিল/ভাউচার প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে যথাসময়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। প্রকল্প পরিচালক, অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প ০২. ইনটিগ্রেটিভ ম্যানেজমেন্ট অব রিসোর্সেস ফর পভারটি এলিভিয়েশন থ্রো কম্প্রিহেনসিভ টেকনোলজি (ইমপ্যাক্ট) ২য় পর্ব প্রকল্প। ০৩. শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র জোরদারকরণ ও আধুনিকীকরণ প্রকল্প। ০৪. টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)। ০৫. ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্প। ০৬. Support to Develop National Plan of Action for Implementation National Youth Policy and Youth Development Index.প্রকল্প। ০৭. উত্তরবঙ্গের ০৭টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্প (২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। দপ্তর নথি।

(মোহাম্মদ আবুল বাসার)
সহকারী পরিচালক (পরিকল্পনা)।

৩৭৬
৭৬

ই-নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- সিএও/যুক্রীম/প্রশা/বিবিধ/১৭৩/৪৮৬ তারিখ : ০১/০৩/২০১৮ খ্রিঃ।

বরাবর
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় : Pre-audit যথাযথভাবে সমাধা করার জন্য ২০১৭-১৮ অর্থ বছরের বিল দাখিল প্রসঙ্গে।**

সূত্র : ১। সিজিএ কার্যালয়ের পত্র নং-০৭.০৩.০০০০.০০৩.০৪৭.৪২৬.২০১৭/১৪৫ তারিখ : ৩০/০৪/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণে বিল প্রত্যেক অর্থ বছরের শেষ দিকে হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজড সিস্টেমে তথা iBAS/iBAS++ এ বিল / চেক এন্ট্রি করার সময় সিস্টেমের গতি Slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুততম সময়ে যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে চেক ইস্যু/নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসকেও নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অধিকন্তু Pre-audit যথাযথভাবে সমাধান করা এবং আর্থিক শৃংখলা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নিরীক্ষার জন্য কিছু সময় অত্যাবশ্যক। iBAS/iBAS++ সিস্টেম ৩০জুন মধ্যরাত ১২.০০ ঘটিকায় আইনগত বাধ্যবাধকতায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার কারণে এবং হিসাবরক্ষণ অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরণ পূর্বক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিলসমূহ পূর্ব-নিরীক্ষা করে চেক ইস্যু বা নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটারও আশংকা থাকে।

০৩। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরে আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর কর্তৃক অর্থ বছরের শেষ সময়ে অনেক বেশী বিল দাখিল না করে এর আগেই হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিওকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৪। উল্লেখ্য, অথরিটি সংক্রান্ত মঞ্জুরীর ব্যয় ডিসিএ/ডিএও/ইউএও কার্যালয়ে প্রেরণ করতে হয় বিধায় এ সংক্রান্ত মঞ্জুরী দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পর্যাপ্ত সময় রেখে জারী করা আবশ্যক বলে এই কার্যালয় মনে করে।

০৫। উল্লেখ্য, ২০১৭-১৮ অর্থ বছরে হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS++ চালু করা হয়েছে। উক্ত ভার্সনটি সম্পূর্ণ ইন্টারনেট ভিত্তিক হওয়ায় সার্বক্ষনিক বিদ্যুৎ ও ইন্টারনেট ব্যতীত চালু রাখা সম্ভব হয় না। তাই বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করে পর্যাপ্ত সময় রেখে প্রি-অডিটের বিলসমূহ হিসাবরক্ষণ অফিসে প্রেরণের যথাযথ নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৬। এ বিষয়ে মন্ত্রণালয়ের সহযোগিতা ও মন্তব্য/পরামর্শ হিসাব রক্ষণ অফিসের জন্য সহায়ক হবে।

২.৩.১৮

(মোঃ কায়ছারুল আলম)
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ফোন : ৯৩৩১৯২২।

স্মারক নং- সিএও/যুক্রীম/প্রশা/বিবিধ/১৭৩/৪৮৬ তারিখ : ০১/০৩/২০১৮ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য :**

১। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : উপ-হিসাব মহা নিয়ন্ত্রক (প্রশাসন)।

(মোঃ কায়ছারুল আলম)
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ফোন : ৯৩৩১৯২২।